# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬০

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২১. যিনি এক নিঃশ্বাসে পানি পান করেন, তাঁর সম্পর্কে

بَاب مَنْ شَرِبَ بِنَفَسٍ وَاحِدٍ

আরবী

أَخْبَرَنَا إِسْحَقُ بْنُ عِيسَى عَنْ مَالِكٍ عَنْ أَيُّوبَ بْنِ حَبِيبٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ أَبِي الْمُثَنَّى قَالَ كُنْتُ عِنْدَ مَرْوَانَ فَجَاءَ أَبُو سَعِيدٍ فَقَالَ قَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَرْوَى مِنْ نَفَسٍ وَاحِدٍ قَالَ فَأَبِنْ الْإِنَاءَ عَنْ فِيكَ ثُمَّ تَنَفَّسْ قَالَ إِنِّي أَرَى الْقَذَاةَ قَالَ أَهْرِقْهُ

বাংলা

২১৬০. আবীল মুছান্না রাহি. হতে বর্ণিত, তিনি বলেন, আমি মারওয়ানের নিকট ছিলাম, এমতাবস্থায় সেখানে আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু প্রবেশ করলেন। আর তিনি বললেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি তো এক শ্বাসে পানি পান করে তৃপ্তি পাই না। তিনি বললেন: “তাহলে তোমার মুখ থেকে পানির পেয়ালাটি সরিয়ে নিবে এবং শ্বাস ফেলবে।” লোকটি বলল, পাত্রে আবর্জনা পরিলক্ষিত হলে? তিনি বললেন: “তা ঢেলে ফেলে দাও।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৩২৭ এবং মাওয়ারিদুয যাম’আন নং ১৩৬৭।

এছাড়াও, আহমাদ ৩/৫৭; ইবনু আবী শাইবা ৮/২২০ নং ৪৩২০; বাগাবী, শারহুস সুন্নাহ ১১/৩৭২ নং ৩০৩৬; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ১/৩৯১। দেখুন, ফাতুহল বারী ১০/৯৩; নাইলুল আওতার ৯/৭৮-৮০; ইবনু আবী শাইবা ৮/২৬-২১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82443

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন